মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট
Web: www.sylhetboard.gov.bd, E-mail: chairmanbisesyl@gmail.com

স্মারক নং ঃ সিশিবো/প্রশা (বিবিধ)/২০২২/৭৩৩ তারিখ ঃ ২১ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় ঃ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর তথ্য অধিকার ও সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কমিটির সভার বিষয়ে অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর তথ্য অধিকার ও সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কমিটির সভা আগামী ০৮/০৯/২০২২ খ্রি. তারিখ বেলা ১১:০০ ঘটিকায় বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

এমতাবস্থায়, বোর্ডের সেবা গ্রহীতা হিসেবে সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৫/০৯/২০২২
(প্রফেসর মোঃ কবির আহমদ)
সচিব
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রাপকঃ অধ্যক্ষ/ প্রধান শিক্ষক
সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অবগতির জন্য অনুলিপিঃ

১. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
২. কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৩. বিদ্যালয় পরিদর্শক ও ফোকাল পয়েন্ট (তথ্য অধিকার ও সিটিজেন্স চার্টার), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৪. জেলা শিক্ষা অফিসার, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ জেলা।
৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৭. সংরক্ষণ নথি।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট

Web: www.sylhetboard.gov.bd, E-mail: chairmanbisesyl@gmail.com

স্মারক নং ঃ সিশিবো/প্রশা (বিবিধ)/২০২২/৭২০ তারিখ ঃ ১৭ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ

০১ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় ঃ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর তথ্য অধিকার ও সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কমিটির সভার বিষয়ে অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর তথ্য অধিকার ও সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কমিটির এক সভা আগামী ০৫/০৯/২০২২ খ্রি. তারিখ বেলা ১১:০০ ঘটিকায় বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি ঃ

১. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর সেবার মান উন্নীতকরণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;

২. বোর্ডের সেবাসমূহ সর্ব সাধারণকে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

৩. বিবিধ।

০১.০৯.২০২২

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
আহ্বায়ক
তথ্য অধিকার ও সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন কমিটি
ও
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রাপক ঃ তথ্য অধিকার ও সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন (সিটিজেনস চার্টার) ও বাস্তবায়ন কমিটির সম্মানিত সদস্যবৃন্দ।

অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

২. সংরক্ষণ নথি।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট
Web: www.sylhetboard.gov.bd, E-mail: chairmanbisesyl@gmail.com

'সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন (সিটিজেনস চার্টার) ও বাস্তবায়ন কমিটি'র ০৫/০৯/২০২২ খ্রি. তারিখের সভার কার্যবিবরণীঃ

অদ্য ০৫/০৯/২০২২ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন (সিটিজেনস চার্টার) ও বাস্তবায়ন কমিটির এক সভা কমিটির আহ্বায়ক ও অত্র শিক্ষা বিদ্যালয় পরিদর্শক জনাব মোহাম্মদ মঈনুল ইসলাম এর সভাপতিত্বে বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

সভায় নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ

১. জনাব পংকজ মল্লিক, সহকারী প্রোগ্রামার।

২. জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী বিদ্যালয় পরিদর্শক।

৩. জনাব আজগর আলী কাজী, সেকশন অফিসার (চলতি দায়িত্ব)।

৪. জনাব সব্যসাচী রায়, উচ্চমান সহকারী।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়ে আলাপ আলোচনা হয়।

আলোচ্যসূচি- ১: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর সেবার মান উন্নীতকরণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্ত : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর সেবার মান উন্নীতকরণ বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনা হয়। সেবার গুরুত্ব বিবেচনায় অধিকতর কম সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া আগামী ০৮/০৯/২০২২ তারিখ সেবাগ্রহীতাদের ~~মধ্যে~~ নিয়ে অবহিতকরণ সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি- ০২ : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর সেবাসমূহ সর্ব সাধারণের অবহিত করার জন্য বোর্ডের প্রধান ফটকে প্রদর্শনের ব্যবস্থাকরণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তগ্রহণ।

সিদ্ধান্ত : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর সেবাসমূহের ধরণ ও সময়সীমা সর্ব সাধারণের অবহিত করণের নিমিত্তে বোর্ডেও ওয়েবসাইটে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি- ৩: সেবা প্রদান বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণের সভা ও প্রশিক্ষণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্তঃ সেবা প্রদান বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণের সভা আগামী অক্টোবর/ নভেম্বর/ ডিসেম্বর মাসের মধ্যে বোর্ডের সভাকক্ষে আয়োজন করার এবং সেবাগ্রহীতাদেরকে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত) ০৫.৯.২২	(স্বাক্ষরিত) ০৫/০৯/২২	(স্বাক্ষরিত) ০৫/০৯/২২	(স্বাক্ষরিত) 05/09/22	(স্বাক্ষরিত) ০৫.০৯.২২
সব্যসাচী রায়	মোঃ আজগর আলী কাজী	মোঃ জাহাঙ্গীর আলম	পংকজ মল্লিক	মোহাম্মদ মঈনুল ইসলাম
উচ্চমান সহকারী	সেকশন অফিসার(চ.দা.)	সহঃ বিদ্যালয় পরিদর্শক	সহকারী প্রোগ্রামার	বিদ্যালয় পরিদর্শক
সদস্য	সদস্য	সদস্য	সদস্য সচিব	আহ্বায়ক
সিটিজেন্স চার্টার	সিটিজেন্স চার্টার	সিটিজেন্স চার্টার	সিটিজেন্স চার্টার	সিটিজেন্স চার্টার